Lens Asia

১৭ এপ্রিল, ২০২৬

# যুদ্ধবিরতি চললেও আঙুল ট্রিগারে আছে হিজবুল্লাহ



তা মোকাবিলায় প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছে হিজবুল্লাহ। ছবি: দ্য নিউ ইয়র্ক টাইমস

লেবাননে সাময়িক যুদ্ধবিরতি কার্যকর হলেও সম্ভাব্য যেকোনো পরিস্থিতির জন্য প্রস্তুত থাকার কথা জানিয়েছে হিজবুল্লাহ। তাদের ভাষ্য, ইসরায়েল যদি চুক্তি ভঙ্গ করে বা প্রতারণার পথ বেছে নেয়, তাহলে দ্রুত প্রতিক্রিয়া জানাতে তারা প্রস্তুত রয়েছে।

গত বৃহস্পতিবার ইসরায়েল ও লেবাননের মধ্যে ১০ দিনের অস্থায়ী যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে এই আলোচনায় সরাসরি অংশ নেয়নি হিজবুল্লাহ; বরং ইসরায়েল লেবাননের সরকারি পক্ষের সঙ্গেই সমঝোতায় পৌঁছায়।

যুদ্ধবিরতি নিয়ে নিজেদের অবস্থান স্পষ্ট করে হিজবুল্লাহ বলেছে, এই সমঝোতা পুরো লেবাননজুড়ে কার্যকর হতে হবে। পাশাপাশি ইসরায়েলি বাহিনীকে কোনোভাবেই অবাধ চলাচলের সুযোগ দেওয়া উচিত নয়।

LENS ASIA

টেলিগ্রামে প্রকাশিত এক বিবৃতিতে সংগঠনটি দাবি করে, চলমান সংঘাতে তারা সক্রিয়ভাবে অংশ নিয়েছে। তাদের হিসাব অনুযায়ী, ২ মার্চ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত ইসরায়েলের বিরুদ্ধে মোট ২ হাজার ১৮৪টি অভিযান চালানো হয়েছে।

অন্যদিকে, ইসরায়েল যুদ্ধবিরতিতে সম্মতি দিলেও দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, নির্ধারিত নিরাপত্তা অঞ্চলে তাদের সেনা উপস্থিতি বজায় থাকবে পুরো সময়জুড়ে।